

সারস্বত সাধনায় মহামহোপাধ্যায় কালীপদ তর্কাচার্যের অবদান

গবেষক : স্বাগত বিশ্বাস

শোধসার : ঊনবিংশ শতকে বাংলায় যে শুধুমাত্র নবজাগরণের সূত্রপাত হয়েছিল তা নয়, সেই সাথে আবির্ভাব ঘটেছিল অসাধারণ মেধাবী, প্রতিভাবান, জ্ঞানতপস্বী কিছু বাঙালি পণ্ডিতদের। পরবর্তিকালে তাঁদের বহুমুখী কর্মশক্তি সমৃদ্ধ করেছিল সমাজ, সাহিত্য ও দর্শনচর্চাকে। আর বলতে গেলে বাঙালির দর্শন চর্চার ইতিহাস বেশ প্রাচীন। ভারতীয় দর্শনে বিশেষতঃ ন্যায়-বৈশেষিক দর্শনে বাঙালির এই কৃতিত্ব সারা পৃথিবীব্যাপী আজ সুবিদিত। বলা বাহুল্য সেই গৌরবের ধারা বজায় থেকেছে ঊনবিংশ ও বিংশ শতকেও সেকথা নিঃসন্দেহে বলা যায়।

আলোচ্য গবেষণা সন্দর্ভে পণ্ডিতপ্রবর মহামহোপাধ্যায় কালীপদ তর্কাচার্য মহাশয়ের সারস্বত সাধনায় সামগ্রিকভাবে যে অসামান্য অবদান রেখেছেন তা আলোকপাত করা হয়েছে। তিনি ছিলেন একাধারে কাব্যিক, দার্শনিক, অনুবাদক, গ্রন্থ ও পত্রিকা সম্পাদক, টীকাকার, প্রথিতযশা অধ্যাপক, নাট্যাচার্য, নাট্যাভিনেতা ও সুবক্তা উদারচেতা ভক্তিপরায়ণ মানুষ। তাঁর সকল গুণের জন্য তিনি ‘স্বভাবকবি’ বা ‘কাশ্যপমহাকবি’ নামে সুবিদিত হয়ে আছেন পণ্ডিতসমাজে।

অলংকারশাস্ত্রে বলা হয়েছে- এই পৃথিবীতে মনুষ্যজন্ম লাভ করা দুর্লভ ব্যাপার, মানুষের মধ্যে আবার বিদ্যা লাভ করেছেন এমন লোক অতি দুর্লভ, বিদ্বানের মধ্যে আবার কবিত্বশক্তি আছে এমন লোক দুর্লভ এবং কবিত্বশক্তিধরদের মধ্যে আবার প্রকৃত প্রতিভার অস্তিত্ব অতি দুর্লভ। সুতরাং এই প্রকৃত কবিত্বশক্তিমূলক প্রতিভা কালীপদ তর্কাচার্য মহাশয়ের ছিল, তা না হলে কাব্য সংসারের নানান দিকে এত সৃষ্টি সম্ভব হত না। কাব্যজগতের তিনি যেন প্রজাপতিস্বরূপ। তাঁর সৃষ্টির বিচ্ছুরণ এত প্রসারিত যে তাকে কেবলমাত্র নৈয়ায়িক, আবার কেবলমাত্র কাব্যিক কিংবা অন্য কোনো একক বিশেষণে আখ্যা দেওয়া খুবই কষ্টসাধ্য, তাঁকে সর্বতন্ত্রস্বতন্ত্র বিদ্বান বললে বোধ হয় অত্যাুক্তি হয় না।

যথাযথভাবে আলোচনার সুবিধার্থে সমগ্র গবেষণা সন্দর্ভটি পাঁচটি অধ্যায়ে ভাগ করা হয়েছে –প্রথম অধ্যায় : ভূমিকা : কালীপদ তর্কাচার্য মহাশয়ের জীবনবৃত্তান্ত, দ্বিতীয় অধ্যায় : ন্যায়-বৈশেষিক দর্শনালোকে আচার্য প্রতিভা, তৃতীয় অধ্যায় : কাব্য-সাহিত্যে তর্কাচার্যের অবদান, চতুর্থ অধ্যায় : সাহিত্য ও দর্শন : একে অন্যের পরিপূরক, পঞ্চম অধ্যায় : তর্কাচার্য মহাশয়ের সাহিত্যকৃতি ও তার অনন্যতা ও পরিসমাপ্তিতে উপসংহার।

শব্দসংকেত : কালীপদ তর্কাচার্য, কাশ্যপকবি।